# রাজনীতিতে সৎ লোকের জায়গা ফেরাতে চাই: হাসনাত আব্দুল্লাহ




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে দুর্নীতিবিরোধী লড়াইয়ের মাইলফলক হিসেবে দেখছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ। তাঁর ভাষায়, এবারের ভোট হবে এমন একটি সংসদ গঠনের জন্য, যেখানে ঋণ খেলাপি, চাঁদাবাজ ও দুর্নীতিবাজদের জায়গা থাকবে না।

রোববার (১১ জানুয়ারি) কুমিল্লার দেবিদ্বারের বড়শালঘর ইউনিয়নে ভারতীয় আগ্রাসনবিরোধী পদযাত্রার অংশ হিসেবে আয়োজিত এক উঠান বৈঠকে তিনি এসব কথা বলেন। সেখানে তিনি বলেন, দুর্নীতি, লুটপাট আর অবৈধ সুবিধা নেওয়ার চেয়ে ভোটের মাঠে গিয়ে মানুষের কাছে সমর্থন চাওয়াই বেশি সম্মানের। প্রতিদিনই সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে সহযোগিতা করছে বলেও জানান তিনি।

হাসনাত বলেন, মানুষের ভালোবাসা ও আস্থাই তাদের মূল শক্তি। তাই নিজেদের অবস্থান ও সক্ষমতার কথা খোলাখুলি মানুষের সামনে তুলে ধরা হচ্ছে। মানুষ যদি মনে করে আমরা তাদেরই একজন, তাহলে সেই বিশ্বাস থেকেই আমাদের পাশে দাঁড়াবে।

তিনি আরও বলেন, দেশের শিক্ষিত তরুণরা যেন যোগ্যতার ভিত্তিতে চাকরি পায়, সেটাই তাদের প্রত্যাশা। পাশাপাশি একটি সত্যিকার অর্থে স্বাধীন নির্বাচন কমিশনের অধীনে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনের দাবি জানান তিনি।

LENS ASIA